

উপজেলা সহকারী শিক্ষা অফিসারদের নবম গ্রেডে উন্নীত করা নিয়ে রুল

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৮:৫৫, ৫ আগস্ট ২০২৫; আপডেট: ১৮:৫৬, ৫
আগস্ট ২০২৫



ছবি: সংগৃহীত

×

উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারদের (এটিইও) দশম গ্রেড থেকে নবম গ্রেডে উন্নীত না করার কারণ জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবসহ

সংশ্লিষ্টদের কাছে আগামী চার সপ্তাহের মধ্যে এই রুলের জবাব দিতে বলা হয়েছে।

×

সোমবার (৪ আগস্ট) বিচারপতি মো. আকরাম হোসেন চৌধুরী ও বিচারপতি ফয়েজ আহমেদের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন।

আদালতে রিটের পক্ষে শুনানি করেন সিনিয়র আইনজীবী ব্যারিস্টার সালাহ উদ্দিন দোলন। তার সঙ্গে ছিলেন অ্যাডভোকেট তোফায়েল আহমেদ। বিষয়টি নিশ্চিত করেন রিটকারীদের আইনজীবী তোফায়েল আহমেদ এবং বাংলাদেশ সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় আহ্বায়ক মুহাম্মদ মিলন মিয়া।

×

জানা গেছে, গত ১৭ জুলাই ৮৫২ জন সহকারী শিক্ষা অফিসারের পক্ষে হাইকোর্টে রিটটি দাখিল করা হয়। বর্তমানে দেশে মোট ২,৬০৭টি

এটিইও পদ রয়েছে।

আলীম